

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০১

২২. ওয়াসিয়াত অধ্যায় (کتاب الوصایا)

পরিচ্ছেদঃ ২৮. ওয়ারিসের (উত্তরাধিকারী'র) জন্য ওয়াসীয়াত

باب الْوَصِيَّةِ لِلْوَارِثِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا وَرْقَاءُ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ عَطَاءٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ كَانَ الْمَالُ لِلْوَلَدِ وَكَانَتْ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ فَنَسَخَ اللَّهُ مِنْ ذَلِكَ مَا أَحَبَّ فَجَعَلَ لِلْأَبُويْنِ لِكُلِّ وَاحِدٍ مِنْهُمَا السُّدُسَ وَالتُّلُثَ وَجَعَلَ لِلْمَرْأَةِ لِلْمَرْأَةِ التُّمُنَ وَالرَّبُعَ وَلِلزَّوْجِ الشَّطْرَ وَالرَّبُعَ

বাংলা

৩৩০১. ইবনু 'আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, ওয়ারিস (উত্তরাধিকারী) হিসেবে সম্পদ পেতো সন্তান আর পিতা–মাতা ও নিকটাত্মীয়ের জন্য ছিল ওয়াসীয়াত। অতঃপর আল্লাহ্ তাআলা তাঁর পছন্দ মত এ বিধান রহিত করে ছেলের অংশ মেয়ের দিগুণ, পিতা–মাতা প্রত্যেকের জন্য এক ষষ্ঠাংশ ও এক তৃতীয়াংশ, স্ত্রীর জন্য এক অষ্টমাংশ, এক চতুর্থাংশ এবং স্বামীর জন্য অর্ধেক, এক চতুর্থাংশ নির্ধারণ করেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, ওয়াসাইয়া ২৭৪৭, তাফসীর ৪৫৭৮, ফারাইয ৬৭৩৯;বাইহাকী, ওয়াসাইয়া ৬/২৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন